# 2024

# BENGALI

## ( Honours Elective )

Paper : BEN–HE–5026

( জীবনী সাহিত্য ও স্মৃতিকথা )

*Full Marks* : 80

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০

(ক) বিবেকানন্দ কত বছর বয়সে গৃহত্যাগী হয়েছিলেন?

(খ) বিবেকানন্দের কনিষ্ঠ ভ্রাতার নাম লেখো।

(গ) কত বছর বয়সে বিবেকানন্দ পিতৃহারা হন?

(ঘ) স্বামীজির দেহত্যাগের পর জননী ও ভ্রাতাদের অভিভাবকের দায়িত্ব কে কাঁধে তুলে নিয়েছিলেন?

(ঙ) 'ছেলেবেলা'য় লেখক (রবীন্দ্রনাথ) কোন্ পালোয়ানের কাছে কুস্তি শিখতেন?

(চ) রবীন্দ্রনাথের 'ছেলেবেলা' গ্রন্থটির প্রকাশকাল কত?

(ছ) 'ছেলেবেলা'য় পর্ব সংখ্যা কত?

(জ) 'বন্দেমাতরম্' পত্রিকা প্রকাশের ক্ষেত্রে কে অগ্রণী ভূমিকা পালন করেছিলেন?

(ঝ) মানিকতলা বাগানের জমির মালিক কে?

(ঞ) ফাঁসির হুকুম শুনে কোন্ বিপ্লবী হাসতে হাসতে জেলে ফিরে এসেছিলেন?

২। সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০

(ক) বিবেকানন্দের মাতা ভুবনেশ্বরী দেবী ১৯১১ সনে তীর্থযাত্রা শেষে কী রোগে আক্রান্ত হয়েছিলেন এবং কোন্ ডাক্তারের অধীনে তাঁর চিকিৎসা চলেছিল?

(খ) যোগীন্দ্রবালা কে? তাকে কে ইংরেজি শেখাতেন?

(গ) 'ছেলেবেলা' গ্রন্থে উল্লিখিত তখনকার দিনের জনপ্রিয় দুটি খেলার নাম উল্লেখ করো।

(ঘ) 'ছেলেবেলা' গ্রন্থে উল্লিখিত তখনকার দিনের বিখ্যাত দুজন ডাকাতের নাম লেখো।

(ঙ) 'নবশক্তি' পত্রিকাটি কার সম্পাদনায় কত খ্রিস্টাব্দে প্রথম প্রকাশিত হয়েছিল?

৩। নিম্নলিখিত যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) মিসেস সারা বুলকে লেখা চিঠিতে বিবেকানন্দ কী লিখেছিলেন?





(খ) মহা-বৈরাগ্যের অবস্থায় স্বামীজি মায়ের কাছে কী বলে ক্ষমা চেয়েছিলেন?

(গ) 'ছেলেবেলা' গ্রন্থে বর্ণিত রবীন্দ্রনাথের বিদ্যাচর্চা সম্পর্কে সংক্ষেপে আলোচনা কর।

(ঘ) ঠাকুরবাড়িতে অনুষ্ঠিত যাত্রাগানের আসরের সংক্ষিপ্ত বিবরণ দাও।

(ঙ) টীকা লেখ : 'যুগান্তর পত্রিকা'

(চ) বিপ্লবী বারীন্দ্র ঘোষ সম্পর্কে যা জান লেখো।

৪। (ক) "যে সংসারে প্রতিমাসে হাজার টাকা খরচ হতো তা নামিয়ে আনলেন তিরিশ টাকায়।"—এই মন্তব্যের আলোকে ভুবনেশ্বরী দেবীর চারিত্রিক বৈশিষ্ট্য সবিস্তারে আলোচনা করো। ১০

অথবা

(খ) 'অচেনা অজানা বিবেকানন্দ' গ্রন্থ অবলম্বনে বিবেকানন্দের পারিবারিক ইতিহাস সম্পর্কে সবিস্তারে লেখো।

৫। (ক) 'আত্মজীবনী-আত্মকথা-স্মৃতিকথা'—এই তিনটি শব্দের পার্থক্য নিরূপণ করে 'ছেলেবেলা' কোন্ ধরনের রচনা তা নির্ধারণ করো। ১০

অথবা

(খ) 'ছেলেবেলা' গ্রন্থ অবলম্বনে সেকালের কলকাতা শহরের বর্ণনা দাও।

৬। (ক) ‘‘আলিপুর বোমার মামলা নিয়ে বাংলা সাহিত্য জগতে অনেক স্মৃতিকথামূলক গ্রন্থ রচিত হয়েছে।’’ ‘নির্বাসিতের আত্মকথা’ গ্রন্থ অনুসরণে বিষয়টি আলোচনা করো। ১০

অথবা

(খ) ‘‘অরবিন্দবাবুর জন্য একটা কোণ নির্দিষ্ট ছিল। সমস্ত প্রাতঃকাল তিনি সেইখানে আপনার সাধন ভজনের মধ্যে ডুবিয়া থাকিতেন।’’—‘নির্বাসিতের আত্মকথা’ অবলম্বনে অরবিন্দ ঘোষের চারিত্রিক বৈশিষ্ট্য লিপিবদ্ধ করো।

৭। (ক) ‘ছেলেবেলা’ গ্রন্থ অবলম্বনে ঠাকুরবাড়ির সাঙ্গীতিক পরিবেশ ও রবীন্দ্রনাথের সঙ্গীত শিক্ষা সম্পর্কে আলোচনা করো। ১০

অথবা

(খ) ‘নির্বাসিতের আত্মকথা’ অবলম্বনে মানিকতলা বাগান সম্পর্কে সবিস্তারে আলোচনা করো।

★★★

# 2024

## BENGALI

## ( Honours Core )

Paper : BEN-HC-5016

( আধুনিক বাংলা সাহিত্য : প্রাক্-স্বাধীনতা পর্ব )

*Full Marks* : 80

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। নির্দেশ অনুযায়ী অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০

(ক) "জলের তরে কেঁদে মরে/তৃষায় ফাটি ফাটি"—কবি এখানে কার কথা বলেছেন ?

(খ) "_____ নিগড় গড়ি পরিলি চরণে সাধে/ কী ফল লভিলি ?"

( শূন্যস্থান পূরণ করো )

(গ) "এই গাঁয়েতে একটি মেয়ে, চুলগুলি তার কালো কালো"—মেয়েটির নাম কী ?

(ঘ) একটি মোরগ হঠাৎ কোথায় আশ্রয় পেয়ে গেছিল ?

(ঙ) রামসদয় মিত্রের ছোট স্ত্রীর নাম কী ?

(চ) রজনী কথিত মনুমেন্টকে (মনে মনে) বিয়ে করার সময় রজনীর বয়স কত ছিল ?

(ছ) ''আমি বল হব''—উক্তিটি কার ?

(জ) প্রাচীন এবং সংক্ষিপ্ত চণ্ডীর উপাখ্যান রচয়িতার নাম কী ?

(ঝ) বেগম রোকেয়ার মতে স্ত্রী-জাতির অবনতির প্রধান কারণ কী ?

(ঞ) অপবিজ্ঞান অনুযায়ী জোনাকির আলোয় কোন্ পদার্থ থাকে ?

২। নীচের প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০

(ক) ''একাকী আসিতে হলো—সাহসিকা অপ্সরার মতো।'' পঙ্‌ক্তিটি কোন্ কবিতার? এখানে 'সাহসিকা' বলতে কার কথা বলা হয়েছে ?

(খ) 'কাস্তে' কবিতার কবির নাম কী? এ যুগের চাঁদকে কবি কীসের সঙ্গে তুলনা করেছেন ?

(গ) রজনীদের প্রতিবেশীর নাম কী? তিনি কীসের ব্যবসা করতেন ?



(Continued)



(ঘ) রজনীর দ্বারা গীত গানটির উল্লেখ করো।

(ঙ) বেগম রোকেয়ার মতে ভিক্ষুকদের সংখ্যা বৃদ্ধির কারণ কী ?

৩। নীচের যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) 'চম্পা' কবিতার ভাববস্তু আলোচনা করো।

(খ) 'হায় চিল' কবিতার অন্তর্নিহিত তাৎপর্য ব্যাখ্যা করো।

(গ) 'রজনী' উপন্যাসের শচীন্দ্র চরিত্রটি সংক্ষেপে আলোচনা করো।

(ঘ) রজনীর (তার) গৃহ ছেড়ে পালিয়ে যাবার কারণ কী? এতে তার জীবনে যে দুর্বিপাক ঘনিয়ে উঠেছিল তা সংক্ষেপে লেখো। ২+৩=৫

(ঙ) দীনেশচন্দ্র সেনের মতানুসারে প্রাচীন বঙ্গ সাহিত্যের বিশেষ কয়েকটি লক্ষ্মণের উল্লেখ করো।

(চ) 'আমাদের ভাষাসমস্যা' প্রবন্ধে বঙ্গীয় মুসলমান সাহিত্য গঠিত না হবার যে কারণ লেখক দর্শিয়েছেন তা আলোচনা করো।

৪। (ক) 'আত্মবিলাপ' কবিতার সারমর্ম তোমার নিজের ভাষায় লেখো। ১০

*অথবা*

(খ) 'কাস্তে' কবিতার নামকরণের সার্থকতা বিচার করো।

৫। (ক) 'রজনী' উপন্যাস অবলম্বনে রজনী চরিত্রটি বিশ্লেষণ করো। ১০

অথবা

(খ) 'রজনী' উপন্যাসে সন্ন্যাসী ও হীরালাল চরিত্র দুটির উপযোগিতা কতখানি, আলোচনা করো।

৬। (ক) 'অপবিজ্ঞান' সম্পর্কে রাজশেখর বসুর অভিমত তোমার নিজের ভাষায় লেখো। ১০

অথবা

(খ) 'আমাদের ভাষাসমস্যা' প্রবন্ধ অনুসরণে বাংলা ভাষার সমস্যাগুলো বিশদ করো।

৭। (ক) 'রজনী' উপন্যাসে তৎকালীন সমাজ ও জীবনযাত্রার যে পরিচয় ফুটে উঠেছে তা আলোচনা করো। ১০

অথবা

(খ) 'একটি মোরগের কাহিনী' কবিতায় সমাজের দরিদ্র শোষিত শ্রেণির মানুষের দুর্দশার যে নির্মম চিত্র ফুটে উঠেছে তা তোমার নিজের ভাষায় লেখো।

***

# 2024

## BENGALI

## ( Honours Elective )

Paper : BEN-HE-5016

( শিশু ও কিশোর সাহিত্য )

*Full Marks* : 80

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০

(ক) 'খিচুড়ি' কবিতায় শুরুতে কবি কি না -মানার কথা বলেছেন?

(খ) 'সৎপাত্র' কবিতায় গঙ্গারামের বংশধরের নাম কী ছিল?

(গ) খুড়োর মুখে কী শুনে সকলে চমকে গিয়েছিল?

(ঘ) গঙ্গারাম কতবার মেট্রিক পরীক্ষা দিয়েছিল?

(ঙ) 'ক্ষীরের পুতুল'-এ বড়রানির জন্য কতজন দাসী ছিল?

(চ) রাজামশাই কাকে জাহাজ সাজানোর আদেশ দিয়েছিলেন ?

(ছ) 'ক্ষীরের পুতুল' গ্রন্থের রচয়িতা কে ?

(জ) পদিপিসির পুত্রের নাম কী ছিল ?

(ঝ) পদিপিসিকে আক্রমণ করা ডাকাত দলের সর্দার কে ছিল ?

(ঞ) পাঁচুমামার পকেটে কী রঙের রুমাল ছিল ?

২। সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০

(ক) 'খুড়োর কল' কবিতায় 'খুড়ো' কার 'খুড়ো' ছিলেন ? তিনি বছর খানেক বয়সে কী বলে কেঁদে উঠেছিলেন ?

(খ) 'খিচুড়ী' কবিতাটিতে উল্লেখিত দুটি প্রাণীর নাম লেখো।

(গ) 'ক্ষীরের পুতুল' কাহিনিতে ছোটরানির নাম কী ছিল ? তাঁর দাসীর সংখ্যা কত, লেখো।

(ঘ) পদিপিসির বর্মীবাক্সে স্থিত পান্না ও চুনির আকার কীরূপ ছিল ?

(ঙ) পদিপিসি নিমাইখুড়োর সিন্দুক থেকে কোন্ দুটি জিনিস নিয়ে এসেছিলেন ?





৩। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো চারটি) : ৫×৪=২০

(ক) 'সৎপাত্র' কবিতা অবলম্বনে সৎপাত্রের পরিচয় দাও।

(খ) সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখো :

এমনি ক'রে লোভের টানে খাবার পানে চেয়ে,
উৎসাহেতে হুঁশ রবে না চলবে কেবল ধেয়ে।
হেসে খেলে দু-দশ যোজন চলবে বিনা ক্লেশে,
খাবার গন্ধে পাগল হয়ে জিভের জলে ভেসে।

(গ) 'ক্ষীরের পুতুল' কাহিনিতে সুয়োরানি রাজামশাইকে বিদেশ থেকে কী কী আনতে বলেছিলেন, লেখো।

(ঘ) ছোটরানি ও ডাকিনী ব্রাহ্মণীর ষড়যন্ত্রের ঘটনাটি সংক্ষেপে নিজের ভাষায় লেখো।

(ঙ) "ওমা, এ যে আলাদিনের ভাঁড়ার ঘর"— উক্তিটি কার ? কোন্ প্রসঙ্গে এই উক্তি করা হয়েছে, লেখো।

(চ) 'পদিপিসির বর্মীবাক্স' উপন্যাসের পাঁচুমামার চরিত্রটি সংক্ষেপে আলোচনা করো।

৪। (ক) 'খুড়োর কল' কবিতাটির নামকরণের সার্থকতা বিচার করো। ১০

অথবা

(খ) 'খিচুড়ী' কবিতাটির বিষয়বস্তু নিজের ভাষায় লেখো।

৫। (ক) 'ক্ষীরের পুতুল' কাহিনি অবলম্বনে ছোটরানির চরিত্রটি বিশ্লেষণ করো। ১০

অথবা

(খ) ক্ষীরের পুতুলকে বর সাজিয়ে বানরের যাত্রাকালে ষষ্ঠীঠাকরুন-সম্পর্কিত ঘটনাটি আলোচনা করো।

৬। (ক) পদিপিসির বর্মীবাক্স উদ্ধারের ঘটনাটির বিবরণ দাও। ১০

অথবা

(খ) 'পদিপিসির বর্মীবাক্স' উপন্যাসের পদিপিসির চরিত্রটি বিশ্লেষণ করো।

৭। (ক) 'আবোল তাবোল' গ্রন্থ অবলম্বনে সুকুমার রায়ের সাহিত্য-প্রতিভার পরিচয় দাও। ১০

অথবা

(খ) 'ক্ষীরের পুতুল' কাহিনিটির বিষয়বস্তু নিজের ভাষায় লেখো।

***

# 2024

## BENGALI

## ( Honours Core )

### Paper : BEN–HC–5026

### ( আধুনিক বাংলা সাহিত্য : স্বাধীনোত্তর পর্ব)

*Full Marks* : 80

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০

(ক) ‘পরাঙ্মুখ’ শব্দের অর্থ কী ?

(খ) ‘উদ্বাস্তুর ডায়েরি’ কবিতায় মেখলা পরা বোন কবিকে কী দিয়েছে ?

(গ) শূন্যস্থান পূর্ণ করো :

“গ্যাঙের গর্ভিনী সেই গন্ধ ভেসে আসে,
শ্রাবণীর দিগম্বরা _____ বাতাসে।”

(ঘ) তারিণী মাঝি কোন্ নদীতে খেয়া পারাপার করে ?

(ঙ) পুঁইশাকের সঙ্গে ক্ষেন্তি কী নিয়ে বাড়ি ফিরেছিল ?

(চ) গফুরের গ্রামের নাম কী?

(ছ) কী ছদ্মনাম নিয়ে এক নতুন লেখক খালাসিদের সম্বন্ধে লেখা প্রকাশ করেছে?

(জ) হোঁৎকার আসল নাম কী?

(ঝ) 'সাজানো বাগান' নাটকে মোট কয়টি দৃশ্য রয়েছে?

(ঞ) বাঞ্ছারামের বাগানে কতটুকু জমি রয়েছে?

২। সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০

(ক) "এদের সঙ্গে আমার আড়ি।" কবি কাদের কথা বলেছেন?

(খ) 'ফসিল' গল্পে মাইন সিন্ডিকেটের দুজন সদস্যের নাম লেখো।

(গ) "কী বেহদ তকলিফে জানপানি হয়ে যে কুলুম শহরে পৌঁছলাম।" বক্তা কে? 'কুলুম' শহর বলতে কোন্ শহরের কথা বলা হয়েছে?

(ঘ) ঘোষ মহাশয় দশহরার সময় পাবণী হিসেবে তারিণী মাঝিকে কী দিতে চেয়েছিল?

(ঙ) "কতবার তো মরতে যাই! ওরা যে কিছুতে ছাড়ে না।" বক্তা কে? 'ওরা' বলতে কাদের কথা বলা হয়েছে?





৩। নিম্নলিখিত যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) সপ্রসঙ্গ ব্যাখ্যা করো :
"বাংলা আমার আই-ভাষা গো, বিশ্ব আমার ঠাঁই
প্রফুল্ল ও তৃপ্ত আমার খুল্লতাত ভাই।"

(খ) 'নীরার জন্য কবিতার ভূমিকা' কবিতাটির অন্তর্নিহিত তাৎপর্য বুঝিয়ে লেখো।

(গ) 'ফসিল' গল্পের মি. মুখার্জি চরিত্রটি বিশ্লেষণ করো।

(ঘ) 'মহেশ' গল্পের আমিনা চরিত্রটি আলোচনা করো।

(ঙ) "কাজের মধ্যে তোমরা এই কাজ করলে! বসে বসে পরের টাকা খেলে—বাগানের নিমগাছের হাওয়া খেলে—আর করার মধ্যে এই কম্মো!" 'সাজানো বাগান' নাটকে কে, কাকে, কোন্ প্রসঙ্গে একথা বলেছে, লেখো।

(চ) 'সাজানো বাগান' নাটকে নারীচরিত্রগুলির গুরুত্ব আলোচনা করো।

৪। (ক) 'সাকিন' কবিতার নামকরণের যথার্থতা বিচার করো। ১০

অথবা

(খ) 'অবনী বাড়ি আছো' কবিতার বিষয়বস্তু আলোচনা করে শক্তি চট্টোপাধ্যায়ের কাব্য-প্রতিভার পরিচয় দাও।

৫। (ক) 'পুঁইমাচা' গল্পের নামকরণ সার্থক হয়েছে কি না, বিচার করো। ১০

অথবা

(খ) 'হারাণের নাতজামাই' গল্পে কৃষকদের সংগঠিত আন্দোলনের যে ছবি ফুটে উঠেছে তা তোমার নিজের ভাষায় লেখো।

৬। (ক) 'সাজানো বাগান' নাটকের নকড়ি দত্তের চরিত্র আলোচনা করো। ১০

অথবা

(খ) "পিতামাতার প্রতি হোঁৎকার আচরণাদি একালের বিত্তবান পরিবারের পথভ্রষ্ট যুবকদেরই মনে করায়।" সমালোচকের এই মন্তব্যের আলোকে 'সাজানো বাগান' নাটকের হোঁৎকা চরিত্রটি বিশ্লেষণ করো।

৭। (ক) 'নোনাজল' গল্পে মেজো সারেঙ চরিত্রটির গুরুত্ব বিচার করো। ১০

অথবা

(খ) 'সাজানো বাগান' নাটকের নামকরণের যথার্থতা বিচার করো।

★★★

# 2024

## BENGALI

## ( Honours Elective )

Paper : BEN–HE–5026

( জীবনী সাহিত্য ও স্মৃতিকথা )

*Full Marks* : 80

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০

(ক) বিবেকানন্দ কত বছর বয়সে গৃহত্যাগী হয়েছিলেন ?

(খ) বিবেকানন্দের কনিষ্ঠ ভ্রাতার নাম লেখো।

(গ) কত বছর বয়সে বিবেকানন্দ পিতৃহারা হন ?

(ঘ) স্বামীজির দেহত্যাগের পর জননী ও ভ্রাতাদের অভিভাবকের দায়িত্ব কে কাঁধে তুলে নিয়েছিলেন ?

(ঙ) 'ছেলেবেলা'য় লেখক (রবীন্দ্রনাথ) কোন্ পালোয়ানের কাছে কুস্তি শিখতেন ?

(চ) রবীন্দ্রনাথের 'ছেলেবেলা' গ্রন্থটির প্রকাশকাল কত ?

(ঙ) 'ছেলেবেলা'র পর্ব সংখ্যা কত?

(চ) 'বন্দেমাতরম্' পত্রিকা প্রকাশের ক্ষেত্রে কে অগ্রণী ভূমিকা পালন করেছিলেন?

(ছ) মানিকতলা বাগানের জমির মালিক কে?

(জ) ফাঁসির হুকুম শুনে কোন্ বিপ্লবী হাসতে হাসতে জেলে ফিরে এসেছিলেন?

২। সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০

(ক) বিবেকানন্দের মাতা ভুবনেশ্বরী দেবী ১৯১১ সনে তীর্থযাত্রা শেষে কী রোগে আক্রান্ত হয়েছিলেন এবং কোন্ ডাক্তারের অধীনে তাঁর চিকিৎসা চলেছিল?

(খ) যোগীন্দ্রবালা কে? তাকে কে ইংরেজি শেখাতেন?

(গ) 'ছেলেবেলা' গ্রন্থে উল্লিখিত তখনকার দিনের জনপ্রিয় দুটি খেলার নাম উল্লেখ করো।

(ঘ) 'ছেলেবেলা' গ্রন্থে উল্লিখিত তখনকার দিনের বিখ্যাত দুজন ডাকাতের নাম লেখো।

(ঙ) 'নবশক্তি' পত্রিকাটি কার সম্পাদনায় কত খ্রিস্টাব্দে প্রথম প্রকাশিত হয়েছিল?

৩। নিম্নলিখিত যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) মিসেস সারা বুলকে লেখা চিঠিতে বিবেকানন্দ কী লিখেছিলেন?





(খ) মন্ত্র-বৈরাগ্যের অবস্থায় স্বামীজি মায়ের কাছে কী বলে ক্ষমা চেয়েছিলেন?

(গ) 'ছেলেবেলা' গ্রন্থে বর্ণিত রবীন্দ্রনাথের বিদ্যাচর্চা সম্পর্কে সংক্ষেপে আলোচনা কর।

(ঘ) ঠাকুরবাড়িতে অনুষ্ঠিত যাত্রাগানের আসরের সংক্ষিপ্ত বিবরণ দাও।

(ঙ) টীকা লেখ : 'যুগান্তর পত্রিকা'

(চ) বিপ্লবী বারীন্দ্র ঘোষ সম্পর্কে যা জান লেখো।

৪। (ক) "যে সংসারে প্রতিমাসে হাজার টাকা খরচ হতো তা নামিয়ে আনলেন তিরিশ টাকায়।"—এই মন্তব্যের আলোকে ভুবনেশ্বরী দেবীর চারিত্রিক বৈশিষ্ট্য সবিস্তারে আলোচনা করো। ১০

অথবা

(খ) 'অচেনা অজানা বিবেকানন্দ' গ্রন্থ অবলম্বনে বিবেকানন্দের পারিবারিক ইতিহাস সম্পর্কে সবিস্তারে লেখো।

৫। (ক) 'আত্মজীবনী-আত্মকথা-স্মৃতিকথা'—এই তিনটি শব্দের পার্থক্য নিরূপণ করে 'ছেলেবেলা' কোন্ ধরনের রচনা তা নির্ধারণ করো। ১০

অথবা

(খ) 'ছেলেবেলা' গ্রন্থ অবলম্বনে সেকালের কলকাতা শহরের বর্ণনা দাও।

৬। (ক) "আলিপুর বোমার মামলা নিয়ে বাংলা সাহিত্য জগতে অনেক স্মৃতিকথামূলক গ্রন্থ রচিত হয়েছে।" 'নির্বাসিতের আত্মকথা' গ্রন্থ অনুসরণে বিষয়টি আলোচনা করো। ১০

অথবা

(খ) "অরবিন্দবাবুর জন্য একটা কোণ নির্দিষ্ট ছিল। সমস্ত প্রাতঃকাল তিনি সেইখানে আপনার সাধন ভজনের মধ্যে ডুবিয়া থাকিতেন।"—'নির্বাসিতের আত্মকথা' অবলম্বনে অরবিন্দ ঘোষের চারিত্রিক বৈশিষ্ট্য লিপিবদ্ধ করো।

৭। (ক) 'ছেলেবেলা' গ্রন্থ অবলম্বনে ঠাকুরবাড়ির সাঙ্গীতিক পরিবেশ ও রবীন্দ্রনাথের সঙ্গীত শিক্ষা সম্পর্কে আলোচনা করো। ১০

অথবা

(খ) 'নির্বাসিতের আত্মকথা' অবলম্বনে মানিকতলা বাগান সম্পর্কে সবিস্তারে আলোচনা করো।

★★★

1 (Sem-5/FYUGP) BEN 41 MJ

**2025**

BENGALI

( Major )

Paper : BEN0500104

( উনিশ শতকের বাংলা সাহিত্যের ইতিহাস )

*Full Marks* : 60

*Time* : 2½ hours

*The figures in the margin indicate full marks for the questions.*

১। নিম্নলিখিত প্রশ্নগুলির অতি সংক্ষেপে উত্তর লেখো : ১×৮=৮

(ক) শ্রীরামপুর মিশন কত সালে প্রতিষ্ঠিত হয় ?

(খ) 'গৌড়ীয় ব্যাকরণ' কে রচনা করেন ?

(গ) মানকুমারী বসু রচিত যে কোনো একটি কাব্যগ্রন্থের নাম লেখো।

(ঘ) 'সারদামঙ্গল' কাব্যের কবি কে ?

(ঙ) রমেশচন্দ্র দত্ত রচিত একটি ঐতিহাসিক উপন্যাসের নাম লেখো।

(চ) 'বিষাদসিন্ধু' উপন্যাসটির রচয়িতা কে ?

(ছ) বাংলা নাট্যসাহিত্যে কাকে 'রসরাজ' বলা হয়?

(জ) মাইকেল মধুসূদন দত্তের 'শর্মিষ্ঠা' নাটক কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয়েছিল?

২। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষেপে উত্তর লেখো (যে কোনো ছয়টি) : ২×৬=১২

(ক) রামরাম বসু রচিত দুটি গদ্যগ্রন্থের নাম লেখো।

(খ) 'সংবাদ প্রভাকর' পত্রিকার সম্পাদক কে ছিলেন? এই পত্রিকাটি কত খ্রিস্টাব্দে প্রথম প্রকাশিত হয়েছিল?

(গ) বাংলা সাহিত্যে কে প্রথম মহাকাব্য রচনা করেন? গ্রন্থটির নাম কী?

(ঘ) 'বীরবাহু' কাব্য কে রচনা করেছিলেন? এই কবির জন্ম-সাল উল্লেখ করো।

(ঙ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় রচিত প্রথম বাংলা উপন্যাসের নাম কী? এই ঔপন্যাসিকের সার্থক ঐতিহাসিক উপন্যাসটির নাম লেখো।

(চ) রমেশচন্দ্র দত্ত মোট কয়টি উপন্যাস লিখেছিলেন? সেগুলির মধ্য থেকে তাঁর যে কোনো একটি সামাজিক উপন্যাসের নাম উল্লেখ করো।

(ছ) রবীন্দ্রনাথের 'রাজর্ষি' উপন্যাস কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয়েছিল? এটি কোন্ রাজ্যের রাজবংশের কাহিনি অবলম্বনে রচিত?





(জ) কোন্ বিদেশী বাংলাদেশের নাটমঞ্চে সর্বপ্রথম বাংলা নাটকের অভিনয় করিয়েছিলেন? সেই নাটমঞ্চ বা থিয়েটারের নাম লেখো।

(ঝ) গিরিশ ঘোষ রচিত যে কোনো দুটি পৌরাণিক নাটকের নাম লেখো।

(ঞ) দীনবন্ধু মিত্র রচিত যে কোনো দুটি প্রহসনের নাম উল্লেখ করো।

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো চারটি) : ৫×৪=২০

(ক) বাংলা গদ্যের বিবর্তনে শ্রীরামপুর মিশনের অবদান সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

(খ) 'আলালের ঘরের দুলাল' গ্রন্থটির রচয়িতা কে? বাংলা সাহিত্যে গ্রন্থটির অবদান সম্পর্কে আলোচনা করো। ১+৪=৫

(গ) বাংলা পৌরাণিক আখ্যানকাব্য রচনায় নবীনচন্দ্র সেনের কৃতিত্বের পরিমাপ করো।

(ঘ) উনিশ শতকের মহিলা কবি কামিনী রায়ের কবি-প্রতিভার পরিচয় দাও।

(ঙ) বাংলা কথাসাহিত্যে ত্রৈলোক্যনাথ মুখোপাধ্যায়ের অবদান সম্পর্কে আলোচনা করো।

(চ) ঔপন্যাসিক স্বর্ণকুমারী দেবীর সংক্ষিপ্ত পরিচয় দাও।

(ছ) 'কুলীনকুলসর্বস্ব' নাটকটি কে রচনা করেছিলেন? বাংলা নাটকের সূচনাপর্বে তাঁর অবদান সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ১+৪=৫

(জ) জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুরের নাট্য-প্রতিভার পরিচয় দাও।

৪। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর লেখো (যে কোনো দুটি) : ১০×২=২০

(ক) বাংলা গদ্যের জনক কে বা কারা, যুক্তিসহ আলোচনা করো।

(খ) বাংলা গদ্যচর্চায় উনিশ শতকের সাময়িক পত্রগুলির গুরুত্ব পর্যালোচনা করো।

(গ) বাংলা কাব্যসাহিত্যে বিহারীলাল চক্রবর্তী বা রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়ের প্রতিভার মূল্যায়ন করো।

(ঘ) উপন্যাস রচনায় বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় বা রবীন্দ্রনাথ ঠাকুরের কৃতিত্বের পরিমাপ করো।

(ঙ) বাংলা নাটকে মাইকেল মধুসূদন দত্ত বা দীনবন্ধু মিত্রের অবদান সম্পর্কে যা জান লেখো।

***

# 2025

## BENGALI

## ( Major )

Paper : BEN–0500204

( বিশ শতকের বাংলা সাহিত্যের ইতিহাস )

*Full Marks* : 60

*Time* : 2½ hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। নিম্নলিখিত প্রশ্নগুলির অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×৮=৮

(ক) 'প্রাচ্য ও পাশ্চাত্য' গ্রন্থটির লেখক কে?

(খ) অন্নদাশঙ্কর রায় রচিত যে কোনো একটি প্রবন্ধগ্রন্থের নাম উল্লেখ করো।

(গ) 'নাম রেখেছি কোমলগান্ধার' কাব্যগ্রন্থটি কার লেখা?

(ঘ) 'দুঃখবাদী কবি' কাকে বলা হয়?

(ঙ) মনোজ মিত্রর 'চাক ভাঙা মধু' নাটকটি প্রথম কবে মঞ্চস্থ হয়েছিল?

(চ) 'নবান্ন' নাটকটির রচয়িতা কে?

(ছ) নাট্যকার উৎপল দত্তের জন্মস্থান কোথায় ?

(জ) সমরেশ বসুর 'আদাব' গল্পটি কোন্ পত্রিকায় প্রকাশিত হয় ?

২। নিম্নলিখিত প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও ( যে কোনো ছয়টি) :

২×৬=১২

(ক) মোহিতলাল মজুমদারের প্রথম কাব্যগ্রন্থের নাম কী? এই কাব্যগ্রন্থে কবি কাকে শ্রদ্ধার্ঘ নিবেদন করেছিলেন ?

(খ) জীবনানন্দ দাশের প্রথম ও দ্বিতীয় প্রকাশিত কাব্যগ্রন্থের নাম লেখো।

(গ) নজরুল ইসলামের 'বিদ্রোহী' কবিতাটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত ? গ্রন্থটি কবে প্রথম প্রকাশিত হয় ?

(ঘ) বুদ্ধদেব বসুর নিজের জীবনভিত্তিক রচিত দুটি প্রবন্ধ-গ্রন্থের নাম লেখো।

(ঙ) শক্তি চট্টোপাধ্যায় বা সুনীল গঙ্গোপাধ্যায় রচিত যে কোনো দুটি কাব্যগ্রন্থের নাম উল্লেখ করো।

(চ) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় রচিত যে কোনো দুটি উপন্যাসের নাম লেখো।

(ছ) তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের লেখা প্রথম প্রকাশিত গল্প কোনটি ? এটি কোন্ পত্রিকায় প্রকাশ পেয়েছিল ?

(জ) আশাপূর্ণা দেবীর বিখ্যাত ত্রয়ী উপন্যাসের মধ্যে যে কোনো দুটির নাম লেখো।





(ঝ) 'ছেঁড়াতার' নাটকটি কার লেখা ? এটি কোন্ নাট্যসংস্থা প্রথমে মঞ্চস্থ করেছিলেন ?

(ঞ) উৎপল দত্ত রচিত যে কোনো দুটি নাটকের নাম লেখো।

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো চারটি) : ৫×৪=২০

(ক) প্রাবন্ধিক প্রমথ চৌধুরীর পরিচয় সংক্ষেপে লেখো।

(খ) স্বামী বিবেকানন্দ রচিত বাংলা প্রবন্ধগ্রন্থের পরিচয় দাও।

(গ) 'মানসী' থেকে 'চৈতালি' কাব্যগ্রন্থ পর্যন্ত রবীন্দ্র-কাব্যধারার একটি সংক্ষিপ্ত পরিক্রমা করো।

(ঘ) ক্ষীরোদপ্রসাদ বিদ্যাবিনোদের ঐতিহাসিক নাট্যসম্ভার সম্বন্ধে সংক্ষেপে লেখো।

(ঙ) রবীন্দ্রনাথের লেখা ইতিহাসাশ্রয়ী উপন্যাসের পরিচয় দাও।

(চ) কিশোর কবি সুকান্ত ভট্টাচার্যের কবি-প্রতিভার পরিচয় দাও।

(ছ) বাদল সরকার রচিত অ্যাবসার্ডধর্মী নাটকগুলোর একটি পরিচয় দাও।

(জ) টীকা লেখো (যে কোনো একটি বা একজনের) :

মহাশ্বেতা দেবী; মনোজ মিত্র; 'ছেঁড়াতার' নাটক; 'হাঁসুলী বাঁকের উপকথা'; যতীন্দ্রনাথ সেনগুপ্ত; বাংলার ব্রত।

৪। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো দুটি) : ১০×২=২০

(ক) নজরুল ইসলামের কাব্য-প্রতিভা সম্পর্কে আলোচনা করো।

(খ) রবীন্দ্রনাথ ঠাকুরের জীবনের শেষ দশ বছরের কাব্যকৃতির পর্যালোচনা করো।

(গ) বাংলা সাহিত্যে 'তিন বন্দ্যোপাধ্যায়' কাদের বলা হয়? যে কোনো একজনের ঔপন্যাসিক প্রতিভার পরিচয় দাও।

(ঘ) দ্বিজেন্দ্রলাল রায়ের ঐতিহাসিক নাটক রচনায় কৃতিত্বের পরিমাপ করো।

(ঙ) বাংলা গদ্যে প্রমথ চৌধুরী বা বিবেকানন্দের অবদান সম্পর্কে বিস্তৃত আলোচনা করো।

***

**2 0 2 5**

# BENGALI

## ( Major )

Paper : BEN0500304

( আধুনিক বাংলা সাহিত্যপাঠ )

*Full Marks* : 60

*Time* : 2½ hours

*The figures in the margin indicate full marks for the questions.*

১। নিম্নলিখিত প্রশ্নগুলির অতি সংক্ষেপে উত্তর দাও : ১×৮=৮

(ক) 'কমলাকান্তের দপ্তর' গ্রন্থখানি বঙ্কিমচন্দ্র কাকে উৎসর্গ করেছিলেন?

(খ) 'মনুষ্যফল' প্রবন্ধে বঙ্কিমচন্দ্র অধ্যাপক ব্রাহ্মণদের কোন্ ফলের সঙ্গে তুলনা করেছেন?

(গ) কবি কাজী নজরুল ইসলামের 'বিদ্রোহী' কবিতাটি প্রথম কোন্ পত্রিকায় প্রকাশিত হয়েছিল?

(ঘ) 'ফরিয়াদ' কবিতায় উল্লিখিত আদিপিতা ভগবানের কাছে কারা প্রতিকার চাইছে?

(ঙ) 'আপদ' গল্পে বর্ণিত শরৎবাবুর স্ত্রীর নাম কী?

(চ) 'অতিথি' গল্পের মতিলালবাবু কোথাকার জমিদার ছিলেন?

(ছ) 'ছেঁড়াতার' নাটকে চিত্রিত মহিমবাবুর মেয়ের নাম কী?

(জ) রহিমুদ্দি তার বাজাটা (বাদ্যযন্ত্র) কত টাকা দিয়ে কিনেছিল?

২। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর সংক্ষেপে লেখো (যে কোনো ছয়টি) : ২×৬=১২

(ক) 'কাঁটালের মাছি' বলতে কমলাকান্ত কাদের প্রতি ইঙ্গিত করেছেন?

(খ) 'দুটি পঞ্চম মিষ্ট বটে' কমলাকান্ত কথিত এই দুটি পঞ্চম কী কী, উল্লেখ করো।

(গ) দুই ভগিনী ঢেঁকিতে পাড় দিতেছে। 'ঢেঁকি' প্রবন্ধে উল্লিখিত ভগিনীদ্বয়ের নাম লেখো।

(ঘ) 'বিদ্রোহী' কবিতায় বর্ণিত সংগীতের দুটি রাগ কী কী?

(ঙ) 'ফরিয়াদ' কবিতায় দুটি মরুভূমির উল্লেখ আছে, তাদের নাম কী?

(চ) 'নিশীথে' গল্পের দক্ষিণাচরণবাবু কতকাল যাবৎ অসুস্থ? তিনি রাত ক'টা নাগাদ ডাক্তারের কাছে এসেছিলেন?

(ছ) নিরুপমার পিতার নাম কী? তিনি কত টাকা বরপণ দিতে সম্মত হয়েছিলেন?





(জ) "আমাকে ভয় করিয়োনা। আমি ভদ্রলোক"—উক্তিটির বক্তা কে? কাকে উদ্দেশ্য করে এই মন্তব্য করেছেন?

(ঝ) রহিমের শহুরে বন্ধুটির নাম কী? সে রহিমকে কত টাকা দিয়েছিল?

(ঞ) আকালের দিনে হাকিমুদ্দির মা ফুলজানকে কী বলেছিল?

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো চারটি) : ৫×৪=২০

(ক) 'মনুষ্যফল' রচনাটি অনুসরণে বঙ্কিমচন্দ্র 'নারকেল ফল'-এর সঙ্গে কাদের তুলনা করেছেন এবং কেন? আলোচনা করো।

(খ) বসন্তের কোকিলের সঙ্গে কমলাকান্তের সখ্যতার কারণ কী তা ব্যাখ্যা করো।

(গ) 'আজ সৃষ্টিসুখের উল্লাসে' কবিতাটির সারসংক্ষেপ লেখো।

(ঘ) "তুমি বল নাই, শুধু শ্বেতদ্বীপে জোগাইবে আলো"—উক্তিটির প্রাসঙ্গিক তাৎপর্য ব্যাখ্যা করো।

(ঙ) 'দেনাপাওনা' গল্পের রামসুন্দর মিত্র চরিত্রটি চিত্রণ করো।

(চ) কলকাতায় মামার বাড়িতে এসে ফটিকের কীরূপ দুর্দশা হয়েছিল তা সংক্ষেপে বর্ণনা করো।

(ছ) 'ছেঁড়াতার' নাটকের মহিমবাবু চরিত্রটির গুরুত্ব আলোচনা করো।

(জ) রহিমুদ্দির সঙ্গে হাকিমুদ্দির যে বিবাদ বেঁধেছিল তা সংক্ষেপে তোমার নিজের ভাষায় লেখো।

৪। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর সংক্ষেপে লেখো (যে কোনো দুটি) :
১০×২=২০

(ক) 'ঢেঁকি' প্রবন্ধের বিষয়বস্তু আলোচনা করো।

(খ) 'আমার কৈফিয়ৎ' বা 'সব্যসাচী' কবিতার ভাববস্তু বিশ্লেষণ করো।

(গ) 'আপদ' গল্পের কিরণময়ী চরিত্রটি পর্যালোচনা করো।

(ঘ) 'ছেঁড়াতার' নাটকের নামকরণের সার্থকতা বিচার করো।

(ঙ) 'মনুষ্য ফল' প্রবন্ধের বিষয়বস্তু সংক্ষেপে লেখো।

★★★

**2025**

BENGALI

( Major )

Paper : BEN0500404

( ছন্দ-অলংকার, প্রাচ্য কাব্যতত্ত্ব ও সমালোচনা সাহিত্য )

*Full Marks* : 60

*Time* : 2½ hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। নির্দেশ অনুযায়ী নিম্নলিখিত প্রশ্নগুলির অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×৮=৮

(ক) "বাগযন্ত্রের স্বল্পতম প্রয়াসে উচ্চারণসাধ্য ধ্বনিকে বলে ____।" ( শূন্যস্থান পূর্ণ করো)

(খ) ধ্বনিপ্রধান ছন্দ অনুযায়ী 'সংঘর্ষ' শব্দের মাত্রা কত?

(গ) "বিরতি আহারে রাঙাবাস পরে যেমতি যোগিনী পারা।"—এই উপমা অলংকারে তুলনাবাচক শব্দটি কী?

(ঘ) "কুলায় কাঁপিছে কাতর কপোত"—অলংকার নির্ণয় করো।

(ঙ) বীররসের স্থায়ী ভাবের নাম কী?

(চ) লৌকিক জগতে যা রতি প্রভৃতি ভাবের উদ্‌বোধক তাকে কাব্যে, নাটকে কী বলে?

(ছ) রবীন্দ্রনাথ ঠাকুরের 'সাহিত্য' কত সালে প্রকাশিত হয়?

(জ) ''এই রস মহাকাব্যের প্রাণস্বরূপ''— রবীন্দ্রনাথ এখানে কোন্ রসের কথা বলেছেন?

২। নির্দেশ অনুযায়ী নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো ছয়টি) : ২×৬=১২

(ক) চরণ বলতে কী বোঝো? একটি উদাহরণ সহযোগে বুঝিয়ে দাও।

(খ) অর্থালংকারকে কয়টি শ্রেণিতে ভাগ করা হয়েছে? উপমা অলংকার কোন্ শ্রেণিভুক্ত?

(গ) পূর্ণোপমার চারটি অঙ্গের মধ্যে যে কোনো দুটি অঙ্গের নাম লেখো।

(ঘ) সংস্কৃত অলংকার শাস্ত্রের যে কোনো দুজন আলংকারিকের নাম লেখো।

(ঙ) ''পঞ্চশরে দগ্ধ করে করেছ এ কী সন্ন্যাসী।'' কবিতাংশটি কোন্ কবিতা থেকে নেওয়া হয়েছে? কবির নাম কী?

(চ) '' ____ এবং আত্মগত ____, সাহিত্যে এই দুটো বাজে কথা কোনো কোনো মহলে চলিত আছে।''

(শূন্যস্থান পূর্ণ করো)





(ছ) ''ভাষার মধ্যে এই ভাষাতীতকে প্রতিষ্ঠিত করিবার জন্য সাহিত্য প্রধান দুইটি জিনিস মিশাইয়া থাকে।'' জিনিস দুটি কী কী?

(জ) পর্ব কাকে বলে, উদাহরণ সহযোগে বুঝিয়ে দাও।

(ঝ) কাব্য-নির্মাণ কৌশলের কয়টি ভাগ? যে কোনো একটি ভাগের নাম লেখো।

(ঞ) ''যেমন পরিপূর্ণ কুম্ভ থেকে জল উচ্ছলিত হয়ে পড়ে, তেমনি করে ঐ রস মুনির মন থেকে ছন্দোবৃত্তিনিয়ন্ত্রিত শ্লোক রূপে নির্গত হয়েছে।'' মন্তব্যটি কে করেছেন? এখানে কোন্ মুনির কথা বলা হয়েছে?

৩। নির্দেশানুযায়ী উত্তর দাও (যে কোনো চারটি) : ৫×৪=২০

(ক) ছন্দোলিপি প্রস্তুত করো :

খাঁচার পাখি ছিল সোনার খাঁচাটিতে,
বনের পাখি ছিল বনে।
একদা কী করিয়া মিলন হল দোঁহে,
কী ছিল বিধাতার মনে।

(খ) ছন্দোলিপি প্রস্তুত করো :

কাক কালো, কোকিল কালো, কালো ফিঙের বেশ
তাহার অধিক কালো কন্যে তোমার চিকন কেশ।

(গ) কারণ নির্দেশসহ অলংকার নির্ণয় করো:

ধরণী এগিয়ে এসে দেয় উপহার
এ যেন কনিষ্ঠা মেয়ে দুলালি আমার।

(ঘ) তোমার সিদ্ধান্তের কারণ উল্লেখ করে অলংকার নির্ণয় করো:

এমন মানব-জমিন রইল পতিত
আবাদ করলে ফলত সোনা।

(ঙ) উদাহরণসহ সঞ্চারীভাবের সংজ্ঞা নির্দেশ করো।

(চ) সমাসোক্তি অলংকারে যে ব্যঞ্জনা থাকে তা কেন কাব্যের আত্মা, ধ্বনি নয়—ব্যাখ্যা করো।

(ছ) "চিত্র এবং সংগীতই সাহিত্যের প্রধান উপকরণ"—আলোচনা করো।

(জ) "সাহিত্যের মা যেমন করিয়া কাঁদে প্রাকৃত-মা তেমন করিয়া কাঁদে না"— মন্তব্যটির যাথার্থ্য বিশ্লেষণ করো।

৪। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

(ক) উদাহরণসহ শ্বাসাঘাতপ্রধান ও ধ্বনিপ্রধান ছন্দের মধ্যে একটি তুলনামূলক আলোচনা প্রস্তুত করো।

(খ) তানপ্রধান ছন্দে অক্ষরের শোষণশক্তি বলতে কী বোঝায় তা উদাহরণসহ আলোচনা করো।

(গ) উদাহরণসহ সংজ্ঞা নির্দেশ করে নীচের যে কোনো দুই জোড়া অলংকারের মধ্যে পার্থক্য দেখাও :

১। শ্লেষ ও যমক

২। উপমা ও রূপক

৩। অপহ্নুতি ও উৎপ্রেক্ষা

(ঘ) "কাব্যের আত্মা হচ্ছে তার বাচ্য নয়, ব্যঞ্জনা, কথা নয়, ধ্বনি।" মন্তব্যটির যাথার্থ্য নির্ণয় করো।

(ঙ) রবীন্দ্রনাথ ঠাকুরের 'ঐতিহাসিক উপন্যাস' প্রবন্ধ অবলম্বনে ঐতিহাসিক উপন্যাস সম্পর্কে রবীন্দ্রনাথের মতামত আলোচনা করো।

★★★